

## সংযুক্তি ১( যৌথ বিবৃতি)

বিগত মে ২০১৬ তে ,CAO, IFC এর আংশিক সহায়তায় নির্মিত, ইউনাইটেড আশুগঞ্জ এনার্জি লিঃ (“UAEL”) কর্তৃক পরিচালিত একটি বিদ্যুৎ কেন্দ্র সম্পর্কিত একটি অভিযোগ গ্রহণ করে। CAO জুন ২০১৬ তে অভিযোগটির উপযুক্ততা যাচাই করে। UAEL এবং অভিযোগকারী পক্ষ , CAO সমর্থিত একটি স্বেচ্ছাকৃত বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় অংশগ্রহণে সম্মত হয়। ডিসেম্বর এবং জানুয়ারিতে পক্ষগণ বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করেন এবং উদ্ভূত সমস্যার সমাধানে একটি সমঝোতা স্মারকে উপনীত হতে সমর্থ হন।